

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 30-01-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Finance Commission :

ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আজ রাজ্য মন্ত্রীসভার সদস্যের সাথে বৈঠক করবেন। চেয়ারম্যান ড: অরবিন্দ পানাগরিয়ার নেতৃত্বদেবে কমিশনের এক প্রতিনিধি দল গতকাল রাজ্য সফরে আসেন। মন্ত্রীসভার সদস্যদের সাথে আলোচনার পর বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, ADC'র প্রতিনিধি, বানিজ্য ও শিল্প প্রতিনিধি সহ অন্যান্যদের সাথে আলোচনায় মিলিত হবেন। এছাড়া আগামীকাল এই প্রতিনিধিদল ত্রিপুরা সুন্দরী মন্দির ও নারকেল কুঞ্জ পরিদর্শন করবেন। এদিকে গতকাল কমিশনের প্রতিনিধিরা রাজ্যে পৌছানোর পর পশ্চিম জেলার জিরানিয়া ব্লকের পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েত পরিদর্শন করেন। পরিদর্শন কালে মুখ্যসচিব JK সিনহা, জেলা শাসক ড: বিশাল কুমার সহ রাজ্য সরকারের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

Republic day Prize :

ত্রিপুরার 'ইন্টারনাল রেভারেন্স: দ্য ওয়ারশিপ অফ ফোরটিন ডেইটিস ইন ত্রিপুরা - খার্চি পূজা' বিষয়ক মূকনাট্যটি ২য় স্থান পেয়েছে এবং অন্ধ্র প্রদেশের ট্যাবলো 'এটিকোপ্লাকা বোম্বালু - পরিবেশ বান্ধব কাঠের খেলনা' তৃতীয় পুরস্কার জিতেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের ট্যাবলু প্রদর্শনীর সাথে যুক্ত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, এই

পুরস্কার এক অসামান্য প্রাপ্তি। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিও আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন।

মহা কুস্ত :

প্রয়াগরাজে মহা কুস্তের সঙ্গমঘাটে অতিরিক্ত ভীড়ে পদপিষ্ট হওয়ার অনভিপ্রেত ঘটনায় কমপক্ষে ৩০ জনের মৃত্যু হয়েছে এবং আরো ৬০ জন আহত হয়েছেন। কুস্ত মেলার দায়িত্বে থাকা উত্তরপ্রদেশ পুলিশের ডিআইজি বৈভব কৃষ্ণা এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য দেন। তিনি বলেন মঙ্গলবার মধ্য রাত ১টা থেকে ২টার মধ্যে আখড়ার রাস্তায় একসাথে অতিরিক্ত ভীড় জমায়তের ফলে বেরিগেড ভেঙ্গে পদপিষ্টের ঘটনা হয়। ঘটনার সাথে সাথে প্রশাসনিক স্তরে দ্রুত পদক্ষেপ নিয়ে হতাহতদের হাসপাতালে পাঠানো হয়েছে। এদিকে এই অনভিপ্রেত ঘটনায় দুঃখ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্য নাথ।

Industries & Commerce Fair :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ১৫ দিনব্যাপী ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা উদ্বোধন করেন। এ বছরের মেলার ভাবনা “Destination Tripura : Land of opportunities” বা ত্রিপুরা : সুযোগের ক্ষেত্র। এই মেলা চলবে আগামী ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত। উদ্বোধনী ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, সময়ের তাগিদে মানুষের চাহিদা অনুযায়ী রাজ্যের শিল্প সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাবার অন্যতম লক্ষ্য নিয়েই শিল্প ও বাণিজ্য মেলার আয়োজন। রাজ্যের এবং রাজ্যের বাইরে শিল্পোদ্যোগীরা

এই শিল্প ও বাণিজ্য মেলায় তাদের উৎপাদিত শিল্প সামগ্রী
বাজারজাত করতে পারবেন।

Milan Mela-Fatikroy :

বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন গতকাল বিকালে ঊনকোটি
জেলার ফটিকরায় স্কুল মাঠে চারদিনব্যাপী পঞ্চম মিলন মেলার
আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন,
এই মেলা প্রাণের মেলা। গ্রামীণ এই মেলা আন্তরিকতায় ভরপুর।
উপস্থিত ছিলেন, তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস,
সাংসদ রাজীব ভট্টাচার্য, কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের
সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ প্রমুখ। সভাপতিত্ব করেন,
ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। চারদিনের
মিলন মেলায় রয়েছে রাজ্য ও বহিরাঙ্গ্যে শিল্পীদের সাংস্কৃতিক
অনুষ্ঠান। মেলা চলবে আগামী পয়লা ফেব্রুয়ারি পর্যন্ত।

MBB College:

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে
রাজ্যে সরকারী চাকরিতে নিয়োগ করা হচ্ছে। আগরতলার এম
বি বি কলেজে নবীনবরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি
ছাত্রছাত্রীদের শৃঙ্খলাবোধে, শিষ্টাচার, নিয়মানুবর্তিতা মেনে
সুশীল নাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলার পরামর্শ দেন।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর
নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার প্রমুখ।

জাতীয় গেমস:

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের দ্বিতীয় দিনে নয়া
জাতীয় রেকর্ড গড়েছেন কর্ণাটকের বিশ্বয় বালিকা অলিম্পিয়ান
ধিনিধি দেসিংহ। তিনি মেয়েদের ২০০ মিটার ফ্রিস্টাইলে নতুন
রেকর্ড সহ মোট তিনটি স্বর্ণপদক পান। এছাড়া অপর
অলিম্পিয়ান শ্রীহরি নটরাজ পুরুষ বিভাগে ২০০ মিটার ফ্রিস্টাইলে

স্বর্ণপদক পান। শ্যুটিং-এ ১০ মিটার এয়ার রাইফেলে মহিলা বিভাগে ৬৩৪.৯ স্কোর করে ফাইনালে উঠেছেন আন্তর্জাতিক তারকা রামিতা। মহিলাদের ফুটবলের গ্রুপের খেলায় ওড়িশা ২-১ গোলে হারায় হরিয়ানাকে। উসুতে তিনটি স্বর্ণ পদক পায় মণিপুর।

দ্বিতীয় দিনের শেষে কর্ণাটক ৫টি স্বর্ণ পদক নিয়ে পদক তালিকার শীর্ষে রয়েছে। ৪টি স্বর্ণ নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে মণিপুর।

.....

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে কিছু এলাকায় হালকা থেকে মাঝারি কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৩ ডিগ্রী সেলসিয়াস।
